# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১২০৯

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৪. রাসূলুল্লাহ (ﷺ) এর বাণীঃ যে ব্যক্তি ইমামের সাথে নামায পড়ে, ইমামের কিরাআতই তার কিরাআত এবং এতদসম্পর্কিত হাদীসসমূহের বিভিন্নতা

بَابُ ذِكْرِ قَوْلِهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ " مَنْ كَانَ لَهُ إِمَامٌ ، فَقِرَاءَةُ الْإِمَامِ لَهُ قِرَاءَةٌ " وَاخْتِلَافِ الرِّوَايَاتِ

আরবী

قَالَ عَبْدُ اللَّهِ بْنُ شَدَّادٍ ، عَنْ أَبِي الْوَلِيدِ ، عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ : أَنَّ رَجُلًا قَرَأَ خَلْفَ النَّبِيِّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ فِي الظُّهْرِ وَالْعَصْرِ ، فَأَوْمَأَ إِلَيْهِ رَجُلٌ فَنَهَاهُ ، فَلَمَّا انْصَرَفَ ، قَالَ : أَتَنْهَانِي أَنْ أَقْرَأَ خَلْفَ النَّبِيِّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ ؟! فَتَذَاكَرَا ذَلِكَ حَتَّى سَمِعَ النَّبِيُّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ ، فَقَالَ رَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ : " مَنْ صَلَّى خَلْفَ الْإِمَامِ ، فَإِنَّ قِرَاءَتَهُ لَهُ قِرَاءَةٌ " . أَبُو الْوَلِيدِ هَذَا مَجْهُولٌ ، وَلَمْ يَذْكُرْ فِي هَذَا الْإِسْنَادِ " جَابِرًا " غَيْرُ أَبِي حَنِيفَةَ
وَرَوَاهُ يُونُسُ بْنُ بُكَيْرٍ ، عَنْ أَبِي حَنِيفَةَ ، وَالْحَسَنِ بْنِ عُمَارَةَ ، عَنْ مُوسَى بْنِ أَبِي عَائِشَةَ ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ شَدَّادٍ ، عَنْ جَابِرٍ ، عَنِ النَّبِيِّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ بِهَذَا

বাংলা

১২০৯(৪). আবদুল্লাহ ইবনে শাদ্দাদ (রহঃ) ... জাবের ইবনে আবদুল্লাহ (রাঃ) থেকে বর্ণিত। এক ব্যক্তি যুহর অথবা আসরের নামাযে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর পিছনে কিরাআত পড়তে থাকলে এক ব্যক্তি তাকে ইংগিতে কিরাআত পাঠ থেকে বিরত থাকতে বলেন। নামাযশেষে লোকটি বলল, আপনি কি আমাকে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর পিছনে কিরাআত পড়তে নিষেধ করেন? তারা এ সম্পর্কে পরস্পর কথা কাটাকাটিতে লিপ্ত হলো। শেষে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তা শুনতে পান। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ "কোন ব্যক্তি ইমামের পিছনে নামায পড়লে ইমামের কিরাআতই তার কিরাআত"।

এই আবুল ওয়ালীদ অজ্ঞাত রাবী। এই সনদে আবু হানীফা (রহঃ) ব্যতীত অন্য কেউ জাবের (রাঃ)-এর উল্লেখ করেননি। এই হাদীস ইউনুস ইবনে বুকায়ের (রহঃ) আবু হানীফা (রহঃ) সূত্রে বর্ণনা করেছেন। আল-হাসান ইবনে

উমারা (রহঃ) মূসা ইবনে আবু আয়েশা-আবদুল্লাহ ইবনে শাদ্দাদ-জাবের (রাঃ)-নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূত্রে এই হাদীস বর্ণনা করেছেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80998

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন